

## বিজ্ঞপ্তি

স্মারক নং: ৩৭.০৫.০০০০.০১১.২৭.০০১.২২-৬৬

তারিখ: ১৩ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ  
২৬ এপ্রিল, ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়ঃ ৪র্থ গণবিজ্ঞপ্তি-২০২২ এর আওতায় প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের পুলিশ ভেরিফিকেশন ফরম (ডি-রোল) অনলাইনে দাখিল।

এতদ্বারা এনটিআরসিএ কর্তৃক প্রকাশিত ৪র্থ গণবিজ্ঞপ্তি-২০২২ এর আওতায় প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, পুলিশ/সিকিউরিটি ভেরিফিকেশনের জন্য প্রত্যেক প্রার্থীকে পুলিশ ভেরিফিকেশন ফরম (ডি-রোল) অনলাইনে পূরণ করে আবশ্যিকভাবে অনলাইনে দাখিল করতে হবে। ডি-রোল ফরম পূরণের জন্য প্রত্যেক প্রার্থীকে <https://scs.ssd.gov.bd/job-security-login> লিংকে ক্লিক করে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের (MOHA) সুরক্ষা সেবা বিভাগ কর্তৃক সৃজিত User ID ও Password ব্যবহার করতে হবে। টেলিটক বাংলাদেশ লিমিটেড কর্তৃক প্রত্যেক প্রার্থীর মোবাইলে SMS এর মাধ্যমে User ID এবং Password জানিয়ে দেয়া হবে। প্রেরিত উক্ত User ID ও Password ব্যবহার করে Online Security Clearance System-এ প্রবেশ করে ফরম পূরণ করা যাবে অথবা এনটিআরসিএ-এর ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) ৪র্থ গণবিজ্ঞপ্তি-২০২২ নামক সেবা বক্সের অনলাইন পুলিশ ভেরিফিকেশন লগইন মেনুতে ক্লিক করে ফরম পূরণ করা যাবে। পুলিশ ভেরিফিকেশন ফরম (ডি-রোল) কোনক্রমেই হাতে হাতে, ডাকযোগে, কুরিয়ার সার্ভিসে কিংবা ই-মেইলে গ্রহণ করা হবে না। অনলাইন পুলিশ ভেরিফিকেশন ফরম (ডি-রোল) পূরণ নির্দেশিকা ৪র্থ গণবিজ্ঞপ্তি-২০২২ নামক সেবা বক্সে পাওয়া যাবে। উক্ত ফরমটি নির্ভুলভাবে পূরণ করে আগামী ৩১/০৫/২০২৩ তারিখের মধ্যে অনলাইনে দাখিল (Submit) করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখের মধ্যে উল্লিখিত পদ্ধতিতে অনলাইনে কোন প্রার্থী ডি-রোল ফরম দাখিল (Submit) না করলে সংশ্লিষ্ট প্রার্থীকে নিয়োগ সুপারিশের জন্য বিবেচনা করা হবে না।

৩৭/৩/এ/১৪/২৩  
(কাজী কামরুল আহছান)  
পরিচালক  
শিক্ষাতন্ত্র ও শিক্ষামান  
এনটিআরসিএ, ঢাকা।